

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৪০২

বিশালগড়, ২৭ সেপ্টেম্বর, ২০২৪

**সিপাহীজলা জেলাভিত্তিক সপ্তম রাষ্ট্রীয় পোষণ মাহ**  
**অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলি থেকে শিশু ও মায়েদের উন্নত পরিষেবা**  
**দেওয়ার লক্ষ্যে সরকার বিভিন্ন উদ্যোগ নিয়েছে : সমাজকল্যাণমন্ত্রী**

অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলি থেকে শিশু ও মায়েদের উন্নত পরিষেবা দেওয়ার লক্ষ্যে সরকার বিভিন্ন উদ্যোগ নিয়েছে। রাজ্যের প্রতিটি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে আগামী ১ বছরের মধ্যে স্মার্ট ক্লাশের ব্যবস্থা করা হবে। তাছাড়াও ১০০ শতাংশ অঙ্গনওয়াড়ি কেন্দ্রে বিদ্যুৎ পরিষেবা পৌঁছে দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে। আজ সিপাহীজলা জেলাভিত্তিক সপ্তম রাষ্ট্রীয় পোষণ মাহ অনুষ্ঠানের উদ্বোধন করে সমাজশিক্ষা ও সমাজকল্যাণমন্ত্রী টিংকু রায় একথা বলেন। অনুষ্ঠানে সমাজকল্যাণমন্ত্রী আরও বলেন, বাল্য বিবাহ প্রতিরোধে সমাজের সকল অংশের মানুষকে এগিয়ে আসতে হবে। শুধুমাত্র প্রশাসনিক নিয়মনীতি দিয়ে বাল্যবিবাহ দূর করা সম্ভব নয়। তিনি বলেন, রাজ্যের অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলি থেকে শিশুদের সার্বিক বিকাশে সরকার বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। তিনি বলেন, রাজ্যে বর্তমানে অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলিতে ২ লক্ষ ৯৭ হাজার ৮৫৭ জন শিশুকে সঠিক পুষ্টিকর খাবার দেওয়া হচ্ছে।

অনুষ্ঠানে সমাজকল্যাণমন্ত্রী বলেন, রাজ্যে বর্তমান সরকার ক্ষমতায় আসার পর ৩৩৪টি নতুন অঙ্গনওয়াড়ি কেন্দ্র চালু করা হয়েছে। এরমধ্যে জনজাতি অধ্যুষিত এলাকায় ১৫০টি অঙ্গনওয়াড়ি কেন্দ্র রয়েছে। আগামী ১ বছরে আরও নতুন ৮৮টি অঙ্গনওয়াড়ি কেন্দ্র চালু করা হবে। অনুষ্ঠানে সিপাহীজলা জেলার জেলাশাসক ও সমাহর্তা ডা. সিদ্ধার্থ শিব জয়সওয়াল বলেন, শিশু ও গর্ভবতী মায়েদের সঠিক শারীরিক বিকাশে অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলির ভূমিকা গুরুত্বপূর্ণ। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিশালগড় পুরপরিষদের চেয়ারপার্সন অঞ্জন পুরকায়স্থ, জিলা পরিষদের সদস্য গৌরাঙ্গ ভৌমিক, জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা. দেবাশিস দাস, জেলা শিক্ষা আধিকারিক মলয় ভৌমিক, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের যুগ্ম অধিকর্তা অরুণ দেববর্মা, জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের উপঅধিকর্তা পাঞ্চালী দেববর্মা প্রমুখ। অনুষ্ঠানে জেলার সহস্রাধিক অঙ্গনওয়াড়ি কর্মী উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সুস্বাস্থ্যের ২ জন শিশু ও ১০ জন অঙ্গনওয়াড়ি কর্মীকে পুরস্কৃত করা হয়। তাছাড়াও ২০ জন গর্ভবতী মহিলাদের হাতে পোষণ কিট তুলে দেওয়া হয়।

\*\*\*\*\*